

# Phone call between Prime Minister Shri Narendra Modi and H. E. Mr. Nguyen Phu Trong, General Secretary of the Communist Party of Vietnam

April 15, 2022

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক নগুয়েন ফু ট্রং-এর মধ্যে টেলিফোনে বার্তালাপ

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক নগুয়েন ফু ট্রং-এর সঙ্গে টেলিফোনে কথা বলেন।

ভারত ও ভিয়েতনামের মধ্যে এবছর কূটনৈতিক সম্পর্ক স্থাপনের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষে দুই নেতাই একে অপরের প্রশংসা করেন। ভারত - ভিয়েতনাম সর্বাঙ্গীণ কৌশলগত অংশীদারিত্বের আওতায় বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতায় দ্রুত অগ্রগতিতে তাঁরা সন্তোষ প্রকাশ করেন। উল্লেখ করা যেতে পারে, ২০১৬-তে প্রধানমন্ত্রীর ভিয়েতনাম সফরের সময় এই কৌশলগত অংশীদারিত্বের সূচনা হয়েছিল।

ভারতের অ্যাক্ট ইস্ট পলিসি এবং ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের এক গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে ভিয়েতনামের তাৎপর্যের কথা পুনরায় উল্লেখ করে প্রধানমন্ত্রী বর্তমানে চালু কর্মসূচিগুলির দ্রুত অগ্রগতির পাশাপাশি দ্বিপাক্ষিক সম্পর্কের পরিধি আরও বাড়ানোর ওপর জোর দেন।

ভিয়েতনামে আরও বেশি সংখ্যক বাজারে ভারতীয় ওষুধপত্র ও কৃষিজ পণ্যের বিপণনের সুবিধা দেওয়ার জন্য প্রধানমন্ত্রী তাঁকে অনুরোধ জানান।

দুই দেশের মধ্যে ঐতিহাসিক ও সাংস্কৃতিক যোগসূত্রের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী সেদেশে চ্যাম স্মৃতি সৌধের সংস্কারে ভারতের সক্রিয় অংশগ্রহণে সন্তোষ প্রকাশ করেন।

দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্রে অংশীদারিত্ব আরও বাড়াতে দুই নেতাই সম্মত হয়েছেন।

ভারতের প্রধানমন্ত্রী এবং সেদেশের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক চলতি ইউক্রেন সঙ্কট এবং দক্ষিণ চীন সাগরে বর্তমান পরিস্থিতি সহ অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট একাধিক আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মত বিনিময় করেন।

নতুন দিল্লী

এপ্রিল 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.